সচিব মহোদয়ের জীবন বৃত্তান্ত

জনাব মো: ওবায়দুর রহমান -কে ০৬ আগস্ট ২০২৬ তারিখ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব হিসেবে পদায়ন করা হয়। সচিব হিসেবে তিনি প্রথমে শিল্প মন্ত্রণালয়ে যোগদান করেন এবং দায়িত্ব পালন করেন। এর আগে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগ, পদোন্নতি ও পদায়ন অনুবিভাগের অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন ক্যাডার)-এর ১৫তম ব্যাচের একজন সদস্য। পটুয়াখালী জেলা প্রশাসনে সহকারী কমিশনার হিসেবে তিনি তাঁর কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে তিনি পঞ্চগড়, বাগেরহাট ও নড়াইল জেলায় সহকারী কমিশনার (ভূমি) হিসেবে কাজ করেন; নারায়ণগঞ্জ, নেত্রকোণা ও খুলনা জেলায় উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন এবং বাগেরহাট জেলায় অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করেন। মাঠ প্রশাসনের বিভিন্ন পদে এই দীর্ঘ ও বৈচিত্র্যময় অভিজ্ঞতা তাঁকে দেশের সাধারণ মানুষের জীবনযাত্রা সম্পর্কে গভীর উপলব্ধিতে সমৃদ্ধ করেছে। মাঝে তিনি ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে (এলএটিসি) ট্রেইনার হিসেবে কাজ করে সুনাম অর্জন করেন। এছাড়া তিনি বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) সচিব হিসেবেও দায়িত্ব পালন করেছেন। তাঁর কর্মজীবন সরকারি প্রতিষ্ঠানগুলোতে সুশাসন, স্বচ্ছতা ও সক্ষমতা বৃদ্ধিতে নিরবচ্ছিন্ন নিষ্ঠার স্বাক্ষর বহন করে।

জনাব মো: ওবায়দুর রহমানকে বুদ্ধিবৃত্তিক সম্পত্তি (ইনটেলেকচুয়াল প্রপার্টি) বিষয়ক দেশের অন্যতম সেরা বিশেষজ্ঞ আমলা হিসেবে বিবেচনা করা হয়। তিনি শিল্প মন্ত্রণালয়ের অধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরে (ডিপিডিটি) প্রায় সাত বছর সহকারী রেজিস্ট্রার এবং ডেপুটি রেজিস্ট্রার হিসেবে কাজ করেছেন। ডিপিডিটিতে থাকাকালীন তিনি বাংলাদেশে বুদ্ধিবৃত্তিক সম্পত্তি সুরক্ষার প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ এবং আইপিআর প্রয়োগ, উদ্ভাবন ও প্রযুক্তি হস্তান্তর বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিতে মূল ভূমিকা পালন করেন। তাঁর এই প্রচেষ্টা বাংলাদেশের আইপি ব্যবস্থাকে আন্তর্জাতিক মানের সমকক্ষ করতে এবং দেশকে একটি জ্ঞানভিত্তিক অর্থনীতির দিকে এগিয়ে নিতে উল্লেখযোগ্য অবদান রেখেছে।

প্রশাসনিক দক্ষতা ও বুদ্ধিবৃত্তিক সম্পদ বিষয়ক জ্ঞানের জন্য জনাব ওবায়দুর রহমান ব্যাপকভাবে প্রশংসিত। তিনি বিআইএম, বিআইএএম, বিটাক, বিসিক প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং ডিসিসিআই ও এফবিসিসিআই-এর মতো বিভিন্ন শীর্ষ পেশাজীবী সংগঠনের সেমিনার ও কর্মশালায় বক্তা ও মেন্টর হিসেবে নিয়মিত সেশন পরিচালনা করেছেন। তাঁর এই বহুমুখী পেশাগত জ্ঞান, কার্যকর দিকনির্দেশনা ও নীতিগত উদ্ভাবনসমূহ বর্তমানে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন অবকাঠামোগত উন্নয়ন, পরিকল্পিত নগর ব্যবস্থাপনা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে বিশেষ প্রেরণা যোগাচ্ছে।

জনাব মো: ওবায়দুর রহমানের বাড়ি মাগুরা জেলায় এবং সেখানেই তাঁর শিক্ষার মূল ভিত্তি রচিত হয়। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি দেশে ও বিদেশে

আইপিআর, সুশাসন ইত্যাদি বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করেছেন। পেশাগত দায়িত্ব পালনে তিনি মার্কিন যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়া, চীন, ভারত, সুইডেন, জাপান, ফ্রান্স, ডেনমার্ক, দক্ষিণ কোরিয়া, দক্ষিন আফ্রিকা, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া এবং আরও কয়েকটি দেশ সফর করেন এবং বহুমূল্য পেশাগত অভিজ্ঞতা অর্জন করেন।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব হিসেবে জনাব মো: ওবায়দুর রহমান দেশের সার্বিক অবকাঠামোগত উন্নয়ন ও পরিকল্পিত নগরায়ন নিশ্চিতকরণে অগ্রণী ভূমিকা পালন করছেন। তাঁর কার্যকর নেতৃত্বে এ মন্ত্রণালয় সবার জন্য নিরাপদ ও সাশ্রয়ী আবাসন, আধুনিক নগর গড়ে তোলাসহ সরকারি সম্পদ ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নে নিরলস কাজ করে যাচ্ছে।

ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং দুই পুত্রসন্তানের জনক।